

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/ ১৪৮-২

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ  
১৫ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা শিক্ষক/কর্মচারীর প্রসূতি ছুটি (Maternity leave) সম্পর্কিত।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কোন মহিলা শিক্ষক/কর্মচারী প্রসূতি ছুটির জন্য আবেদন করিলে, প্রযোজ্য ক্ষেত্রে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি ছুটি আরম্ভের তারিখ অথবা সন্তান প্রসবের উদ্দেশ্যে আতুর ঘরে আবন্দ হওয়ার তারিখ, ইহার মধ্যে যাহা পূর্বে ঘটিবে, ঐ তারিখ হইতে ০৬ (ছয়) মাসের ছুটি মঙ্গুর করিবেন;

- ০২। একজন মহিলা শিক্ষক/কর্মচারী সমগ্র চাকরি জীবনে সর্বোচ্চ ০২ (দুই) বার প্রসূতি ছুটি প্রাপ্য হইবেন;
- ০৩। ছুটিকালিন একজন মহিলা শিক্ষক/কর্মচারী ছুটিতে যাওয়ার প্রাকালে উত্তোলিত বেতনের হারে পূর্ণ বেতন-ভাতাদি প্রাপ্য হইবেন;
- ০৪। প্রসূতি ছুটির মেয়াদ ০৬ (ছয়) মাস। একজন মহিলা শিক্ষক/কর্মচারী গর্ভবতী হওয়ার পর যে তারিখ হইতে ছুটিতে যাওয়ার আবেদন করিবেন, ঐ তারিখ হইতেই ০৬ (ছয়) মাসের ছুটি মঙ্গুর করিতে হইবে। তবে ছুটি আরম্ভের সর্বশেষ তারিখ হইবে সন্তান প্রসবের তারিখ। উল্লেখ্য, গর্ভবতী হওয়ার স্বপক্ষে ডাঙুরী সার্টিফিকেটসহ আবেদন করা হইলে প্রসূতি ছুটির আবেদন না মঙ্গুর করিবার কিংবা ০৬ (ছয়) মাস অপেক্ষা কম সময়ের জন্য ছুটি মঙ্গুর করিবার কিংবা ছুটি আরম্ভের তারিখ পরিবর্তন করিবার ক্ষমতা ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির থাকিবে না;
- ০৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৬.০৯.২০১২

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)  
সচিব

বিতরণ (জ্যোত্তার ত্রুমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার (সকল).....
- ৩। জেলা প্রশাসক (সকল).....
- ৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৭। পরিচালক, ব্যানবেইস, ১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা
- ৮। উপজেলা নির্বাহী অফিসার,.....

নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/ ১৪৮-২

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ  
১৫ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব(অর্থ ও প্রশাঃ/উন্নয়ন/কলেজ/কারিগরি ও মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (অডিট ও আইন/মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(এ জ্ঞেত এবং মন্তব্য করা হচ্ছে)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৫০৩৪১ (অফিস)

ই-মেইলঃ sas\_sec2@moedu.gov.bd